

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-২ শাখা  
Website: www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৮৫.০১৮.০২.০০.০১৭.২০১৬-৪৬৬

তারিখঃ ০৫/০৭/২০১৭ খ্রিঃ


বিষয় : চট্টগ্রাম ওয়াসার দামপাড়াস্থ প্রধান অফিস ভবন কম্পাউন্ডের অভ্যন্তরে একটি ২০ তলা বহুতল ভবন নির্মাণের বিষয়ে অনাপত্তি প্রদান প্রসংগে।

সূত্র : চট্টগ্রাম ওয়াসার স্মারক নং-৪৬.০০.০০০.৩২৪.সিডব্লিউএসআইএসপি/পিডি/৫৮/১৩/এস-৩০/২৭৩০,  
তারিখঃ ১৬/০৫/২০১৭

চট্টগ্রাম ওয়াসার দামপাড়াস্থ প্রধান অফিস ভবন কম্পাউন্ডের অভ্যন্তরে একটি ২০ তলা বহুতল ভবন নির্মাণের অনুমতি সংক্রান্ত প্রস্তাব সূত্রসহ স্মারকে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়। এতে উল্লেখ করা হয় যে, চট্টগ্রাম ওয়াসার প্রধান কার্যালয় শহরের প্রাণকেন্দ্র দামপাড়ায় মোট ১.৫৮৩০ একর জমির উপর অবস্থিত। চট্টগ্রাম ওয়াসা বর্তমানে ০৪টি পানি শোধনাগার নির্মাণ প্রকল্প এবং স্যানিটেশন ও ড্রেনেজ মাস্টার প্ল্যান বাস্তবায়ন করছে। এতে চট্টগ্রাম ওয়াসার কর্মপরিধি দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ফলে কর্মকর্তা/কর্মচারীদের জন্য অধিক সংখ্যক অফিসের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। সম্পদের টেকসই ও বহুমুখী ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রস্তাবিত বহুতল ভবনের প্রয়োজনীয় সংখ্যক কয়েকটি তলা চট্টগ্রাম ওয়াসার দাপ্তরিক কাজে ব্যবহারের পাশাপাশি অন্যান্য তলাসমূহ বাণিজ্যিকভাবে ব্যবহার করা হবে। এর ফলে চট্টগ্রাম ওয়াসার জন্য একটি স্থায়ী Cash-flow নিশ্চিত করা সম্ভব হবে এবং জনসাধারণের নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। প্রথম পর্যায়ে চট্টগ্রাম ওয়াসার নিজস্ব অর্থায়নে ০৩ তলা (দুটি বেসমেন্টসহ) মোট ২০ তলা বহুতল ভবন নির্মাণের অনুমতি প্রদানের নিমিত্ত চট্টগ্রাম ওয়াসা অনুরোধ করেছে।

এমতাবস্থায়, সম্পদের টেকসই ও গণমুখী ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে চট্টগ্রাম ওয়াসার দামপাড়াস্থ প্রধান অফিস কম্পাউন্ডের অভ্যন্তরে একটি ২০ তলা বহুতল ভবন সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক চট্টগ্রাম ওয়াসার নিজস্ব অর্থায়নে/নিজস্ব ব্যবস্থাপনায় নির্মাণের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের অনাপত্তি নির্দেশক্রমে প্রদান করা হল।

ব্যবস্থাপনা পরিচালক  
চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।

  
(ড. কে এম কামরুজ্জামান সেলিম)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৩৭০  
e-mailঃ watersupply\_02@yahoo.com

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।